দৈনিক বাংলা

তারিখ 01 OCT 1985
পৃষ্ঠা ... 1 ... কলাম 1 ...

018

# বিনামূল্যে ৮৬'র পাঠ্য বই আজ থেকে ডেলিভারী

॥ স্টাফ রিপোর্টার ॥

প্রথম থেকে পঞ্চম শ্রেণীর ছাত্র ছাত্রীদের জন্যে বিনামূল্যে ১৯৮৬ শিক্ষা বর্ষের পাঠ্য পুস্তক জেলা পর্যায়ে পৌঁছানোর কর্মসূচী আজ মঙ্গলবার থেকে শুরু হচ্ছে। জাতীয় শিক্ষাক্রম ও টেক্সট বুক বোর্ডের একটি দায়িত্বশীল সূত্র আশা প্রকাশ করেন জানুয়ারী মাসের মধ্যেই দেশের এক কোটি দুই লাখ ছাত্রছাত্রীর হাতে বই পৌঁছানো সম্ভব হবে।

শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ

OCT 1985

## বিনামূল্যে

(১ম পৃঃ পর)

এর মধ্যে ৯২ লাখ হচ্ছে প্রথম থেকে পঞ্চম শ্রেণীর। দশ লাখ হচ্ছে শিশু শ্রেণীর পড়ুয়া। প্রাথমিক শিক্ষা পরিদফতরের হিসাব অনুযায়ী ১৯৮৬ শিক্ষা-বর্ষে বই লাগবে মোট তিন কোটি ৭৯ লাখ। বই বিতরণের দায়িত্ব প্রাথমিক শিক্ষা পরিদফতরের।

সূত্রটি জানান: গতকাল পর্যন্ত বোর্ডের তেজগাঁর গুদামে মওজুদ বইয়ের সংখ্যা প্রায় এক কোটি।

প্রথম থেকে তৃতীয় শ্রেণীর সবকটি বই (ধর্মের বই বাদে) ছাপার কাগজ দিচ্ছে ইউনিসেফ। ইউনিসেফ মোট তিন হাজার তিনশ টন অফসেট কাগজ দেবে। কানাডা থেকে চারটি ভারতীয় জাহাজে ইউনিসেফ এই কাগজ এনে দিচ্ছে। প্রথম কিস্তির কাগজবাহী জাহাজ গত মার্চে শিডিউল মোতাবেকই এসেছিল। কিন্তু বাকিগুলো আসতে অস্বাভাবিক দেরী হওয়ায় বোর্ড কিছুটা বিপদে পড়ে। তা সত্ত্বেও আগামী বছর যথাসময়ে ছাত্রছাত্রীরা হাতে বই পাবে বলে সূত্রটি দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন।

সূত্রটি জানান: ১৯৮৬ সালের বইয়ের মানোন্নয়নের জন্যে যথাসাধ্য উদ্যোগ নেয়া হয়েছে। ছাপার মানও তুলনামূলকভাবে উন্নত। পূর্ববর্তী বছরে বই সরবরাহে বিলম্ব এবং মান খারাপ হওয়ার জন্যে কয়েকটি ছাপাখানাকে বোর্ড বেশ মোটা অংকের টাকা জরিমানা করেছিল। কিছু প্রেসকে কাজও দেয়া হয়নি।

দেশের প্রাথমিক স্কুলগুলিতে আগামী বছর প্রথমবারের মতো শিশু শ্রেণীর বই বিনামূল্যে দেয়া হবে। এদের বইও তৈরি হয়ে গেছে— নাম 'পূর্ব প্রস্তুতিমূলক পাঠ'। এ বই প্রধান শিক্ষকের ব্যক্তিগত তত্ত্বাবধানে স্কুলেই রাখতে হবে। ৮৬'র শিক্ষাবর্ষে কিছু বই বদলে নতুন বই দেয়া হচ্ছে। এগুলি হচ্ছে তৃতীয় শ্রেণীর ইংরেজী, ইসলাম, চতুর্থ শ্রেণীর সমাজ, ইংরেজী এবং পঞ্চম শ্রেণীর সমাজ ও ইংরেজী।

স্বাধীনতার পর এই প্রথমবারের এত আগে থেকে বইয়ের ডেলিভারী দেয়া শুরু হলো।

১৯৮৫ শিক্ষাবর্ষে চতুর্থ শ্রেণী পর্যন্ত বিনামূল্যে বই দেয়া হয়েছিল। এই খাতে সরকারের ব্যয়ের পরিমাণ ২১ কোটি টাকারও বেশী।